

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মুদ্রণ শাখা
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.১২০.২৩.০২৩.১৯-২৪

১৯ মাঘ, ১৪২৬

তারিখ:-----

০২ ফেব্রুয়ারি, ২০২০

সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)


বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রচিত গল্প-প্রবন্ধ-নিবন্ধ নিয়ে গ্রন্থ প্রকাশের লক্ষ্যে লেখা আহ্বান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী” ও “মুজিব বর্ষ” যথাযথ মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। তার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রচিত বঙ্গবন্ধুর উপর লিখিত সাহিত্যের বিভিন্ন শাখার লেখা নিয়ে গ্রন্থ প্রকাশ একটি। এ বিষয়ে অতিরিক্ত সচিব (মুদ্রণ ও পরিবহন) এর সভাপতিত্বে গঠিত সাব কমিটির গত ০৭/০১/২০২০ খ্রি: তারিখের অনুষ্ঠিত সভায় সাহিত্যের সকল শাখা হতে লেখা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে আগ্রহীদেরকে আগামী ১৩/০৪/২০২০ খ্রি: তারিখের মধ্যে গল্প, প্রবন্ধ, রচনাসমূহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

- বিসিএস প্রশাসন ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও পরিদপ্তরসহ মাঠ প্রশাসনের কর্মরত নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীরা লেখা প্রেরণের জন্য বিবেচিত হবেন। এ ক্ষেত্রে অবসরপ্রাপ্ত জনপ্রশাসনের কর্মচারীগণের লেখাও গৃহীত হবে;
- প্রেরিত লেখাটি ইতোমধ্যে কোনো মাধ্যমে প্রকাশ করা হয়নি মর্মে নিশ্চিত করতে হবে;
- গল্প-প্রবন্ধ-নিবন্ধের ক্ষেত্রে শব্দসীমা ৩০০০ এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;
- বঙ্গবন্ধুর উপর রচিত কবিতাসহ সাহিত্যের যে কোনো শাখার লেখা সর্বোচ্চ ৫০০০ শব্দের মধ্যে হলে প্রেরণ করা যাবে।

০২। লেখাটির সফটকপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-মেইল (e-mail: adminprint@mopa.gov.bd) এবং হার্ডকপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। প্রকাশিতব্য গ্রন্থটির প্রধান উপদেষ্টা হবেন মাননীয় প্রধানমন্ত্রী, উপদেষ্টা হবেন মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সম্পাদক হিসেবে থাকবেন সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। গ্রন্থটির গুরুত্ব ও মর্যাদা বিবেচনায় রেখে লেখার বিষয়বস্তু নির্ধারণের জন্য সংশ্লিষ্ট বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তা ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন কর্মচারীগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২/০২/২০২০
(মোহাম্মদ সাহেদুল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫১১০৬৮

e-mail: adminprint@mopa.gov.bd

প্রাপক,

- সিনিয়র সচিব/সচিব
- রেস্টুর, বিপিএটিসি/বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা
- মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড/মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর/বিয়াম ফাউন্ডেশন।
- পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।

কাউন্সিল অফিসার
সহকারী সচিব (প্রশাসন)
সহঃ সচিব (বিচারটিসি)
সহঃ সচিব (তদন্ত ও শৃং)
ডায়েরী নং ২৭০

অতিরিক্ত সচিব (প্রঃ) দপ্তর
উপসচিব (প্রশাসন)
মুদ্রণ সচিব (BRTC)
কম্পিউটার অফিসার
সিস্টেম সিস্টেম এনালিস্ট
চপ সিস্টেম এনালিস্ট
অফিস: ২৭৬
স্বাক্ষর: নাহরত

১৯ মাঘ, ১৪২৬


নং ০৫.০০.০০০০.১২০.২৩.০২৩.১৯-২৪/০২(১০)

তারিখ:-----

০২ ফেব্রুয়ারি, ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)।

- ০১। অতিরিক্ত সচিব (মুদ্রণ ও পরিবহন), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (সিপি অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৩। উপসচিব (সিপি-৩ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৪। সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ)।
- ০৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৬। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।


০২/০২/২০২০
(মোহাম্মদ সাহেদুল ইসলাম)
উপসচিব